WE ARE YOUR DOL

NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Labor

## একাধিক ফ্যাক্টর বিশিষ্ট প্রমাণীকরণ সেটআপের নির্দেশাবলী

নিউইয়র্ক স্টেট কয়েকটি জনসাধারণের অ্যাপ্লিকেশনে একাধিক ফ্যাক্টর বিশিষ্ট প্রমাণীকরণ (MFA) চালু করেছে।

MFA হল আপনার অ্যাকাউন্টের সুরক্ষা ও নিরাপত্তার সুনিশ্চিত করার একটি উপায়। পাসওয়ার্ড দেওয়ার পরেও, এতে আরও এক উপায়ে প্রমাণ করতে হয় যে, আপনিই দাবি করা সেই ব্যক্তি। আপনি MFA দ্বারা সুরক্ষিত কোনও অ্যাপ্লিকেশন ব্যবহার করলে, কেউ আপনার পাসওয়ার্ড অনুমান বা চুরি করলেও, এই দ্বিতীয় ফ্যাক্টর ছাড়া তারা কিন্তু লগইন করতে পারবে না। পাসওয়ার্ড হল আপনার জ্ঞাত কোনও জিনিস, কিন্তু এই দ্বিতীয় ফ্যাক্টরটি আপনি নিজে (সাধারণত বায়োমেট্রিক ডিভাইসে রিড নেওয়া হয়) অথবা আপনার কাছে থাকা কোনও একটি জিনিস।

এই নথিটি গ্রাহকদের NY.gov অ্যাকাউন্টে, একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপের ক্ষেত্রে সহায়তা করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে।

### সূচী


**[Google Authenticator]()**

**[Okta Verify]()**

**[SMS যাচাইকরণ]()**

**[ভয়েস কলের যাচাইকরণ]()**

## Google Authenticator-এর একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করা

আপনি ইতিমধ্যেই MFA নথিভুক্ত না হয়ে থাকলে, লেবার অনলাইন সার্ভিসে লগইন করে "আনএমপ্লয়মেন্ট সার্ভিসেস" আবেদন বোতামে ক্লিক করার পর আপনাকে নথিভুক্ত করার জন্য নির্দেশ দেওয়া হবে।

আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করার স্ক্রিণ দেখতে পাবেন।

- আপনার স্মার্টফোনে, Google Authenticator অ্যাপ ডাউনলোড করুন। অ্যাপ ডাউনলোড করার আগে নিচের নির্দেশাবলী দেখুন।
- সেট আপ প্রক্রিয়া সেট আপের জন্য, আপনার কম্পিউটার স্ক্রিনে Google Authenticator-এর অধীনে **সেট আপে** ক্লিক করুন।
- আপনার ডিভাইসের ভিত্তিত iPhone বা Android বেছে নিন।
    - o আপনাকে Google Play Store (Android) বা App Store (iPhone) থেকে Google Authenticator অ্যাপ ডাউনলোড করতে বলা হবে। আপনার আগে থেকে ডাউনলোড করা না থাকলে, এখন ডাউনলোড করে নিন। অ্যাপ ডাউনলোড করার জন্য, আগে নিচের নির্দেশাবলী দেখুন।

    টিপ: আপনার Apple ট্যাবলেট থাকলে, iPhone নির্বাচন করুন।
- **পরবর্তী** বোতামে ক্লিক করুন।
- **একটি Android ডিভাইস (Google Play) বা একটি Apple ডিভাইসে (App Store) Google Authenticator অ্যাপ ডাউনলোড করার জন্য নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন।**
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, Google Play (Android) বা App Store (Apple Device)-এ ন্যাভিগেট করুন। আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে অপারেটিং সিস্টেমের (OS) সাম্প্রতিক সংস্করণ আছে কিনা নিশ্চিত করুন।
- Google Play (Android) বা App Store (Apple Device)-এ Google Authenticator অ্যাপ অনুসন্ধান করুন।
- Google Authenticator অ্যাপ নির্বাচন করুন।
- অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করুন।
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে Google Authenticator অ্যাপ ইনস্টল করার পর, আপনার ডিভাইসে অ্যাপটি খুলুন। *(দ্রষ্টব্য: ফোনের সংস্করণের ভিত্তিতে অ্যাপকে অন্যরকম দেখতে লাগতে পারে)*
- **আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে Google Authenticator অ্যাপ ব্যবহার করতে, নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন।**

- আপনার কম্পিউটার স্ক্রিনে Apple বা অAndroid ডিভাইস বেছে নেওয়ার পরে, আপনার কম্পিউটার স্ক্রীন একটি ডায়ালগ বক্স দেখাবে, যার মধ্যে একটি কুইক রেসপন্স (QR) কোড থাকবে। QR কোডটি কালো ডট যুক্ত বর্গক্ষেত্রর মত আসবে।
  - আপনি ট্যাবলেট বা স্মার্টফোনে QR কোড স্ক্যান করতে না পারলে, কম্পিউটার স্ক্রিনে QR কোডের তলায় **স্ক্যান করতে পারছেন না?** বিকল্পে ক্লিক করুন।
- আপনি যদি আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে QR কোড স্ক্যান করতে পারেন, তাহলে আপনার Google Authenticator অ্যাপে যান এবং যদি তা ইতিমধ্যে খোলা না থাকলে, তবে খুলুন।
- **শুরু করা যাক-**এ ক্লিক করুন।
- আপনি এই দুটি বিকল্পের মধ্যে একটি দেখতে পাবেন, **QR কোড স্ক্যান করুন,** অথবা **সেট আপ কী লিখুন।** একটি বেছে নিন।

  টিপ: আপনি কোড স্ক্যান করতে না পারলে, **সেট আপ কী লিখুন** নির্বাচন করুন। একটি সেট আপ কী লিখতে, নিচের নির্দেশাবলী দেখুন।
- আপনার Android ফোন হলে, অ্যাপ আপনার ক্যামেরা ব্যবহারের অনুমতি চাইবে। "এই অ্যাপ ব্যবহারের সময়"-তে ক্লিক করুন।
- Apple ডিভাইসের ক্ষেত্রে, *"Authenticator" আপনার ক্যামেরা অ্যাক্সেস করতে চাইছে-* লেখা একটা মেসেজ দেখতে পাবেন। ঠিক আছে-তে ক্লিক করুন।
- আপনার ফোনকে ক্যামেরা ব্যবহার করার অনুমতি দেওয়ার পরে, আপনার স্মার্টফোনের স্ক্রীনের কেন্দ্রে একটি বর্গাকার ফাঁকা স্ক্রীন দেখাবে।
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটের ক্যামেরাটি আপনার কম্পিউটার স্ক্রিনে থাকা QR কোডের দিকে দেখান, যাতে কম্পিউটার স্ক্রিনরে QR কোডটি আপনার স্মার্টফোনের স্ক্রিনের সবুজ বক্সের মধ্যে দেখা যায়। এই অ্যাপ আপনাআপনি সেই কোডটিকে আপনার ফোন বা ট্যাবলেটে স্ক্যান করে নেবে।
- **QR কোড স্ক্যান করার পরিবর্তে, আপনি যদি সেট আপ কী লেখার বিকল্প বেছে নেন, তাহলে নিচের নির্দেশাবলী ব্যবহার করুন।**
- আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনাকে একটি গোপন কী দেখানো হবে। এই কোডটি আপনি Google Authenticator অ্যাপে দেবেন। আপনি সেটআপ কী লেখার নির্দেশাবলী যুক্ত একটি স্ক্রীন দেখতে পাবেন।
- আপনার Google Authenticator অ্যাপে, আপনি অ্যাকাউন্টের বিবরণ লেখার একটি স্ক্রীন দেখতে পাবেন। এই স্ক্রিনে, নিম্নলিখিত তথ্য লিখুন:
  - 'অ্যাকাউন্টের নাম' ক্ষেত্রে আপনার NY.gov অ্যাকাউন্টের নাম দিন।
  - 'আপনার কী' ক্ষেত্রে আপনার গোপন কী লিখুন।
  - কী ড্রপডাউনের ধরন থেকে 'সময়-ভিত্তিক' নির্বাচন করুন।

- **যোগ করুন** বোতামে ক্লিক করুন।
- **আপনার কম্পিউটারে আপনার Google Authenticator অ্যাপ থেকে কোড দিতে নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন।**
- অ্যাপটি সফলভাবে QR কোড স্ক্যান করে নিলে, অথবা অ্যাপে গোপন কী দেওয়ার পরে, আপনার স্মার্টফোনে ইউজার নেম এবং একটি ছয়-সংখ্যার কোড সহ একটি স্ক্রীন দেখা যাবে। এই কোডটি আপনি পরবর্তী ধাপে কম্পিউটারে দেবেন। এই কোড প্রতি 30 সেকেন্ডে বদলায়।
- আপনার কম্পিউটার মনিটরে 'কোড লিখুন' ক্ষেত্রে আপনার অ্যাপ থেক ছয় সংখ্যারে কোডটি টাইপ করুন এবং **যাচাই করুন-**এ ক্লিক করুন।
- আপনাকে আবার নথিভুক্তির স্ক্রিনে পুনঃনির্দেশিত করা হবে, যেখানে আপনি অন্য একাধিক ফ্যাক্টর প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করতে পারেন। নথিভুক্ত ফ্যাক্টরের অধীনে Google Authenticator-কে দেখতে পাবেন।

  টিপ: আপনাকে একের চেয়ে বেশি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করার পরামর্শ দেওয়া হচ্ছে।

- আপনার পছন্দের একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেটআপ হয়ে গেলে, **সমাপ্ত করুন** বোতামে ক্লিক করুন।

  টিপ: আপনার একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে যদি কোনো ফোন অ্যাপের প্রয়োজন হয়, তবে "একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ" ব্রাউজার পেজে **সেটআপ** বোতামে ক্লিক করার আগে, সেই অ্যাপটি ডাউনলোড করে নেবেন। Okta Verify এবং Google Authenticator-এই দুটি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতিতেই অ্যাপের প্রয়োজন হয়।

**ত্রুটি সংক্রান্ত সম্ভাব্য মেসেজ এবং কীভাবে সেগুলি সমাধান করবেন।**

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: সেশনের মেয়াদ শেষ।
- সমাধান: গ্রাহককে আবার সাইন ইন করতে হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: টোকেন মেলে নি।
- সমাধান:
  - গ্রাহককে নির্ভুলতা নিশ্চিত করতে হবে।
  - গ্রাহককে আবার কোড "পাঠাতে" হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: ত্রুটি দেখা গেছে।
- সমাধান: গ্রাহককে অবশ্যই কোড দিতে হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: বারকোড স্ক্যান করা যায়নি।
- সমাধান:
    - প্রদত্ত বিকল্প ব্যবস্থা ব্যবহার করুন।
        - "SMS দ্বারা অ্যাক্টিভেশন পাঠান" - গ্রাহক একটি ফোন নম্বর দিতে পারেন।
        - "পুশ ছাড়াই ম্যানুয়ালি সেটআপ করুন" - গ্রাহক একটি অস্থায়ী কোড দেখতে পাবেন।
        - "অ্যাক্টিভেশন ইমেইল পাঠান" – গ্রাহককে তাদের অ্যাকাউন্ট তৈরিতে ব্যবহৃত ইমেইল অ্যাকাউন্টে একটি ইমেইল পাঠানো হবে।
        - গ্রাহকের ডিভাইসের ক্যামেরায় "অনুমোদিত" অ্যাক্সেস আছে, তা নিশ্চিত করুন

মূল পেজে ফিরে যান

## Okta Verify-এর একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করা

আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করার স্ক্রিণ দেখতে পাবেন।

- আপনার স্মার্টফোনে, Okta Verify অ্যাপ ডাউনলোড করুন। অ্যাপ ডাউনলোড করার আগে নিচের নির্দেশাবলী দেখুন।
- সেট আপ প্রক্রিয়া সেট আপের জন্য, আপনার কম্পিউটার স্ক্রিনে Okta Verify-এর অধীনে **সেট আপে** ক্লিক করুন।
- আপনার ডিভাইসের ভিত্তিতে iPhone বা Android বেছে নিন।
    - আপনাকে Google Play Store (Android) বা App Store (iPhone) থেকে Okta Verify অ্যাপ ডাউনলোড করতে বলা হবে। আপনার আগে থেকে ডাউনলোড করা না থাকলে, এখন ডাউনলোড করে নিন। অ্যাপ ডাউনলোড করার জন্য, আগে নিচের নির্দেশাবলী দেখুন।

  টিপ: আপনার Apple ট্যাবলেট থাকলে, iPhone নির্বাচন করুন।
- **পরবর্তী** বোতামে ক্লিক করুন।
- **একটি Android ডিভাইস (Google Play) বা একটি Apple ডিভাইসে (App Store) Okta Verify অ্যাপ ডাউনলোড করার জন্য নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন**
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, Google Play (Android) বা App Store (Apple Device)-এ ন্যাভিগেট করুন। আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে অপারেটিং সিস্টেমের (OS) সাম্প্রতিক সংস্করণ আছে কিনা নিশ্চিত করুন।
- Google Play বা App Store-এ Okta Verify অ্যাপ অনুসন্ধান করুন।
- Okta Verify মোবাইল অ্যাপ বেছে নিন।
- অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করুন।

- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে Okta Verify অ্যাপ ইনস্টল করার পর, আপনার ডিভাইসে অ্যাপটি খুলুন।
- **আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, Okta Verify অ্যাপ সেট আপ করতে, নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করুন।**
- এখন আপনার কম্পিউটার স্ক্রিনে, কুইক রেসপন্স (QR) কোড সহ একটা ডায়ালগ বক্স আসবে। QR কোডটি কালো ডট যুক্ত বর্গক্ষেত্রর মত আসবে।
    - o আপনি QR কোড স্ক্যান করতে না পারলে, কম্পিউটার স্ক্রিনে QR কোডের তলায় **স্ক্যান করতে পারছেন না?** বিকল্পে ক্লিক করুন। স্ক্যান করতে পারছেন না-তে ক্লিক করার পরে, Okta Verify সেট আপ করতে, নিচের নির্দেশাবলী অনুসরণ করুন।
- QR কোড স্ক্যান করতে পারলে, আপনার ডিভাইসে Okta Verify অ্যাপে যান এবং খুলুন।
- **শুরু করা যাক-**এ ক্লিক করুন।
- **পরবর্তী**-তে ক্লিক করুন।
- **অ্যাকাউন্ট যোগ করুন-এ** ক্লিক করুন।
- **অন্যান্য-**তে ক্লিক করুন।
- আপনি এই দুটি বিকল্পের মধ্যে একটি দেখতে পাবেন, **QR কোড স্ক্যান করুন,** অথবা **ম্যানুয়ালি কী লিখুন।** একটি বেছে নিন।
    - আপনি **ম্যানুয়ালি কী দেওয়া** বেছে নিলে, আপনাকে পুশ নোটিফিকেশন ছাড়াই, ম্যানুয়ালি যাচাই করার জন্য 'স্ক্যান করতে পারছেন না' বিভাগের ধাপগুলি অনুসরণ করতে হবে।
- **Okta Verify অ্যাপ ব্যবহার করে QR কোড স্ক্যান করতে, নিচের নির্দেশাবলী ব্যবহার করুন।**
- আপনার Android ডিভাইস হলে, অ্যাপ আপনার ক্যামেরা ব্যবহারের অনুমতি চাইবে। ঠিক আছে-তে ক্লিক করুন।
- Apple ডিভাইসের ক্ষেত্রে, *"Okta Verify" আপনার ক্যামেরা অ্যাক্সেস করতে চাইছে-* লেখা একটা মেসেজ দেখতে পাবেন। ঠিক আছে-তে ক্লিক করুন।
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটের ক্যামেরাটি আপনার কম্পিউটার স্ক্রিনে থাকা QR কোডের দিকে দেখান। এই অ্যাপ আপনাআপনি সেই কোডটিকে আপনার ফোন বা ট্যাবলেটে স্ক্যান করে নেবে।
- আপনার কম্পিউটার মনিটরে, আপনি একটি QR কোড যুক্ত পপ আপ নথিভুক্তির স্ক্রীন দেখতে পাবেন।
- Okta Verify অ্যাপে, **অ্যাকাউন্ট যোগ করুন**-এ ট্যাপ করুন।
- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটের ক্যামেরাটি আপনার কম্পিউটার স্ক্রিনে থাকা QR কোডের দিকে দেখান।
- QR কোড স্ক্যান করার পরে, আপনার অ্যাপে 'পুশ নোটিফিকেশনে অনুমতি দেবেন' এই স্ক্রিনটি দেখা যাবে? **অনুমতি দিন** বা **এড়িয়ে যান** বেছে নিন।

- আপনার স্মার্টফোনে QR কোডটি সফলভাবে স্ক্যান হয়ে গেলেে, আপনার কম্পিউটারে স্ক্রীনটি দেখাবে যে আপনি সফলভাবে কোড স্ক্যান করে নিয়েছেন|
- **স্ক্যান করতে পারছেন না-তে ক্লিক করার পর ইমেইল বা SMS এর মাধ্যমে Okta Verify সেট আপ করতে নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন|**
- আপনার কম্পিউটার স্ক্রিনে **স্ক্যান করতে পারছেন না-**তে ক্লিক করার পর, আপনি Okta Verify সেট আপ করার স্ক্রিণ দেখতে পাবেন| এই স্ক্রিনে, একটি ড্রপডাউন তালিকায় নিম্নলিখিত বিকল্পগুলি রয়েছে: ইমেইলের মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান, SMS-এর মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান এবং পুশ নোটিফিকেশন ছাড়াই ম্যানুয়ালি সেটআপ করুন|

  টিপ: পুশ নোটিফিকেশন ছাড়াই ম্যানুয়ালি সেট আপ করুন-এর নির্দেশাবলী নিম্নরূপ|

- **ইমেইলের মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান**, বা **SMS-এর মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান-**এ ক্লিক করুন| আপনাকে একটা লিঙ্ক পাঠানো হবে|

  টিপ: আপনাকে **অবশ্যই** আপনার স্মার্টফোন বা ট্যাবলেট থেকে লিঙ্কটিতে ক্লিক করতে হবে|

- আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, লিঙ্কটি অ্যাক্সেস করতে আপনার ইমেইল বা টেক্সট মেসেজ অ্যাপে নেভিগেট করুন| আপনাকে পাঠানো ইমেইল বা টেক্সট মেসেজটি খুলুন| মেসেজে থাকা লিঙ্ক খুলুন|
- আপনাকে Okta Verify ওয়েবসাইটে নিয়ে যাওয়া হবে|
- **শুরু করা যাক-**এ ক্লিক করুন|
- এই লিঙ্কের মাধ্যমে আপনার স্মার্টফোন Okta Verify-এর ওয়েবসাইটে পৌঁছবে এবং যাচাই করবে| আপনার কম্পিউটারে স্ক্রীনটি দেখাবে যে আপনি সফলভাবে কোড স্ক্যান করে নিয়েছেন:
- **স্ক্যান করতে পারছেন না ড্রপডাউন তালিকা থেকে পুশ নোটিফিকেশন ছাড়া ম্যানুয়ালি Okta Verify সেট আপ করতে, নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন|**
- আপনার কম্পিউটার স্ক্রিনে **স্ক্যান করতে পারছেন না-**তে ক্লিক করার পর, আপনি Okta Verify সেট আপ করার স্ক্রিণ দেখতে পাবেন| এই স্ক্রিনে, একটি ড্রপডাউন তালিকায় নিম্নলিখিত বিকল্পগুলি রয়েছে: ইমেইলের মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান, SMS-এর মাধ্যমে অ্যাক্টিভেশন লিঙ্ক পাঠান এবং পুশ নোটিফিকেশন ছাড়াই ম্যানুয়ালি সেটআপ করুন|
- একটা বিকল্প বেছে নিন: পুশ নোটিফিকেশন ছাড়াই ম্যানুয়ালি যাচাই করুন|
- আপনি একটি গোপন কোড যুক্ত স্ক্রিনে দেখতে পাবেন|
- আপনার Okta Verify অ্যাপ খুলুন|
- **শুরু করা যাক-**এ ক্লিক করুন|
- **পরবর্তী**-তে ক্লিক করুন|
- **অ্যাকাউন্ট যোগ করুন-এ** ক্লিক করুন|

- **অন্যান্য-**তে ক্লিক করুন।
- 'ম্যানুয়ালি কী লিখুন' বেছে নিন।
- আপনার স্মার্টফোনের স্ক্রিনে, কম্পিউটারের স্ক্রিনে থাকা কোডটি লিখুন। আপনার স্মার্টফোনে, আপনি অ্যাকাউন্টের নাম (আপনার তৈরি) এবং আপনার কম্পিউটারের স্ক্রিনে প্রদর্শিত গোপন কী লিখবেন।
- **অ্যাকাউন্ট যোগ করুন-এ** ক্লিক করুন।
    - কোডটি সফলভাবে যাচাই হয়ে যাওয়ার পর, আপনার কম্পিউটারে স্ক্রীনটি দেখাবে যে আপনি সফলভাবে কোড স্ক্যান করে নিয়েছেন।
- **হয়ে গেছে**-তে ক্লিক করুন।
- **আপনি সফলভাবে QR কোড স্ক্যান করার পরে বা আপনার অ্যাপের মাধ্যমে ম্যানুয়ালি কোড যাচাই করার পরে, নিম্নলিখিত নির্দেশাবলী ব্যবহার করুন।**
- একবার QR কোডটি স্ক্যান হয়ে গেলে, অ্যাপটিতে একটি ছয়-সংখ্যার কোড সহ স্ক্রিন আসবে। এই কোড প্রতি 30 সেকেন্ডে বদলায়।
- সফলভাবে আপনার Okta ভেরিফাই অ্যাপ সেট আপ করার পরে, আপনার কম্পিউটার স্ক্রীনে নথিভুক্তির স্ক্রীন আসবে, যেখানে আপনি অন্য একাধিক ফ্যাক্টর প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করতে পারেন। স্ক্রীনটিতে এখন দেখা যাবে যে, Okta Verify নথিভুক্ত ফ্যাক্টর শিরোনামের অধীনে রয়েছে।
- আপনার পছন্দের একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেটআপ হয়ে গেলে, সমাপ্ত করুন বোতামে ক্লিক করুন।

    টিপ: আপনার একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে যদি কোনো ফোন অ্যাপের প্রয়োজন হয়, তবে "একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ" ব্রাউজার পেজে **সেটআপ** বোতামে ক্লিক করার আগে, সেই অ্যাপটি ডাউনলোড করে নেবেন। Okta Verify এবং Google Authenticator-এই দুটি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতিতেই অ্যাপের প্রয়োজন হয়।

**ত্রুটি সংক্রান্ত সম্ভাব্য মেসেজ এবং কীভাবে সেগুলি সমাধান করবেন।**

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: সেশনের মেয়াদ শেষ।
- সমাধান: গ্রাহককে আবার সাইন ইন করতে হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: টোকেন মেলে নি।
- সমাধান:
    - গ্রাহককে নির্ভুলতা নিশ্চিত করতে হবে।

    - গ্রাহককে আবার কোড "পাঠাতে" হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: ত্রুটি দেখা গেছে
- সমাধান: গ্রাহককে অবশ্যই কোড দিতে হবে।

- ত্রুটি সংক্রান্ত মেসেজ: বারকোড স্ক্যান করা যায়নি।
- সমাধান
    - প্রদত্ত বিকল্প ব্যবস্থা ব্যবহার করুন।
        - "SMS দ্বারা অ্যাক্টিভেশন পাঠান" - গ্রাহক একটি ফোন নম্বর দিতে পারেন।
        - "পুশ ছাড়াই ম্যানুয়ালি সেটআপ করুন" - গ্রাহক একটি অস্থায়ী কোড দেখতে পাবেন।
        - "অ্যাক্টিভেশন ইমইেল পাঠান" — গ্রাহককে তাদের অ্যাকাউন্ট তৈরিতে ব্যবহৃত ইমেইল অ্যাকাউন্টে একটি ইমেইল পাঠানো হবে।
    - গ্রাহকের ডিভাইসের ক্যামেরায় "অনুমোদিত" অ্যাক্সেস আছে, তা নিশ্চিত করুন।

মূল পেজে ফিরে যান

## SMS যাচাইকরণ

আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে বলা একটি স্ক্রিণ দেখতে পাবেন।

- SMS প্রমাণীকরণের অধীনে সেটআপ-এ ক্লিক করুন।
- আপনাকে একটা ফোন নম্বর দিতে বলা হবে।

  টিপ: এই ফোন নম্বরে যেন টেক্সট মেসেজ আসার সুবিধা থাকে।

- ফোন নম্বর দেওয়ার পর, **কোড পাঠান**-এ ক্লিক করুন।
- আপনি কোড সহ একটা টেক্সট মেসেজ পাবেন। এই কোডটা 'কোড লিখুন' বক্সে লিখুন।
- **যাচাই করুন**-এ প্রেস করুন।
- আপনাকে একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ নথিভুক্তির পেজে ফিরিয়ে আনা হবে। নথিভুক্ত ফ্যাক্টরের অধীনে SMS প্রমাণীকরণকে দেখতে পাবেন।
- আপনাকে একের চেয়ে বেশি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করার পরামর্শ দেওয়া হচ্ছে।
- আপনার পছন্দের একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেটআপ হয়ে গেলে, **সমাপ্ত করুন** বোতামে ক্লিক করুন।

[মূল পেজে ফিরে যান]

**ভয়েস কলের যাচাইকরণ**

আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে বলা একটি স্ক্রিণ দেখতে পাবেন।

- ভয়েস কল-এর অধীনে সেটআপ-এ ক্লিক করুন।
- আপনাকে একটা ফোন নম্বর দিতে বলা হবে।
- ফোন নম্বর দেওয়ার পর, **কল করুন**-এ ক্লিক করুন।
- আপনি একটি ফোন কল পাবেন। আপনি কলটি ধরলে, একটি রেকর্ড করা ভয়েস আপনাকে একটি পাঁচ-সংখ্যার নম্বর জানাবে।

  টিপ: এই নম্বর কেবল একবারই বলা হবে। এই নম্বর তুলে রাখার জন্য কাগজ কলম নিয়ে প্রস্তুত থাকবেন।
- এই কোডটা 'কোড লিখুন' বক্সে লিখুন।
- **যাচাই করুন**-এ প্রেস করুন।
- আপনাকে একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ নথিভুক্তির পেজে ফিরিয়ে আনা হবে। নথিভুক্ত ফ্যাক্টরের অধীনে ভয়েস কল প্রমাণীকরণকে দেখতে পাবেন।
- আপনাকে একের চেয়ে বেশি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করার পরামর্শ দেওয়া হচ্ছে।
- আপনার পছন্দের একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেটআপ হয়ে গেলে, সমাপ্ত করুন বোতামে ক্লিক করুন।

[মূল পেজে ফিরে যান]